ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তি (জানুয়ারি-জুন)

পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। রেজিস্ট্রারের অফিসের এম.ফিল. ও পিএইচ.ডি. শাখা থেকে (রেজিস্ট্রারের অফিসের কক্ষ নং-৩২৩, তৃতীয় তলায়)আবেদনপত্র সরবরাহ করা হবে। এম.ফিল. পাশের মূল সনদপত্র অথবা সকল পরীক্ষা পাশের মূল নম্বরসনদ ও **প্রযোজ্য ক্ষেত্রে প্রকাশনা ও চাকুরীর প্রমানপত্র দেখানোর পর** জনতা ব্যাংকে, (ঢা বি টি.এস.সি. শাখায়) **১০০০/-(এক হাজার) টাকা** (অফেরত যোগ্য) জমা দিয়ে, জমার রশিদ দেখিয়ে, প্রার্থীদের নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করতে হবে। আবেদনপত্র স্পষ্ট করে লিখে/টাইপ করে যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের অফিসে জমা দিতে হবে। আবেদনপত্রের সংগে সকল পরীক্ষার নম্বর পত্রের ১(এক)টি করে ফটোকপি ও সম্প্রতি তোলা ২(দুই) কপি ছবি সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালক কর্তৃক সত্যায়িত করে বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের অফিসে জমা দিতে হবে।

বিদেশ থেকে অর্জিত ডিগ্রীর সমতা নিরূপণ করার পর ভর্তির আবেদন করতে হবে।

ভর্তির শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা:

এম.ফিল. পাশ। ঢাকা বিশ্ববিদ্যালয় ও পাবলিক বিশ্ববিদ্যালয় ব্যতিত অন্য যে কোন বিশ্ববিদ্যালয় থেকে এম.ফিল. ডিগ্রীধারীদের আবেদনপত্র সংগ্রহের পূর্বে তাঁদের অর্জিত ডিগ্রীর সমতা নিরূপনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের পিএইচ.ডি, ও এম.ফিল. ভর্তির যোগ্যতা যাচাই এবং সমতা নিরূপণ কমিটির আহবায়কের (ডিন, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ, কার্জন হল সংলগ্ন) নিকট দরখাস্ত জমা দিতে হবে।

অথবা

৪ (চার) বছর মেয়াদি স্নাতক সম্মান ডিগ্রী এবং ১ (এক) বছর মেয়াদি মাস্টার্স ডিগ্রী। দেশের ভেতরে বেসরকারী বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রী থাকলে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পিএইচ.ডি. প্রোগ্রামে সরাসরি ভর্তি হওয়া যাবে না। পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তি হতে হলে প্রথমে তাঁদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের এম. ফিল. প্রোগ্রামে ভর্তি হতে হবে।

কলা/সামাজিক বিজ্ঞান/বিজনেস স্টাডিজ অনুষদের ক্ষেত্রে স্বীকৃতমানের জার্নালে প্রার্থীদের কমপক্ষে ২টি গবেষণামূলক প্রকাশিত প্রবন্ধ থাকতে হবে। অন্তত ১টি গবেষণামূলক প্রকাশনা একক নামে হতে হবে।

শিক্ষাজীবনে সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। CGPA নিয়মে থাকলে মাধ্যমিক/সমমান থেকে স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় CGPA ৫-এর মধ্যে ৩.৫ অথবা CGPA ৪-এর মধ্যে ৩ থাকতে হবে। উল্লেখিত ন্যূনতম নম্বর বজায় রেখে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট/পিএইচ.ডি. উপ-কমিটি/অনুষদ নিজ নিজ ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা নির্ধারণ করবে।

অথবা

৩ (তিন) বছর মেয়াদি স্নাতক সম্মান এবং এক বছর মেয়াদি মাস্টার্স ডিগ্রীপ্রাপ্তদের পিএইচ. ডি. প্রোগ্রামে রেজিস্ট্রেশনের ক্ষেত্রে নিম্নলিখিত শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা থাকতে হবে:

ক) প্রার্থীদের শিক্ষাজীবনে সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণীসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। CGPA নিয়মে থাকলে মাধ্যমিক/সমমান থেকে স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় CGPA ৫-এর মধ্যে ৩.৫ অথবা CGPA ৪-এর মধ্যে ৩ থাকতে হবে। এই ন্যূনতম নম্বর বজায় রেখে সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট/পিএইচ.ডি. উপ-কমিটি/অনুষদ নিজ নিজ ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা নির্ধারণ করবে। পিএইচ.ডি. প্রোগ্রামে প্রচলিত নিয়ম অনুযায়ী রেজিস্ট্রেশনের অন্যান্য যোগ্যতা ও শর্তাবলি প্রযোজ্য হবে।

খ) প্রার্থীদের স্নাতক পর্যায়ে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে কমপক্ষে দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে অথবা কোন স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে কমপক্ষে দুই বছরের গবেষণা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা অথবা সরকারি/বেসরকারি/ স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে দুই বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে

এবং

গ) স্বীকৃতমানের জার্নালে প্রার্থীদের কমপক্ষে ২টি গবেষণামূলক প্রকাশিত প্রবন্ধ থাকতে হবে। তবে কলা/সামাজিক বিজ্ঞান/ বিজনেস স্টাডিজ অনুষদের ক্ষেত্রে অন্তত ১টি গবেষণা প্রকাশনা একক নামে হতে হবে।

অন্য বিষয়ে ডিগ্রীপ্রাপ্ত ছাত্র/ছাত্রী আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের অন্তর্গত বিভাগসমূহে সংশ্লিষ্ট বিভাগের একাডেমিক কমিটি এবং অনুষদীয় পিএইচ.ডি. উপ-কমিটির সুপারিশক্রমে ভর্তি হতে পারবে। এক্ষেত্রে সুপারভাইজারের পরামর্শে বিশেষ ব্যবস্থায় সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ৪ ক্রেডিটের ১টি কোর্স-ওয়ার্ক থাকবে।

ভর্তি প্রক্রিয়া: প্রার্থী কর্তৃক যথাযথভাবে পূরণের পর আবেদনপত্র সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটে জমা দিতে হবে । অতঃপর উক্ত ভর্তির আবেদন সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক, বিভাগের/ইনস্টিটিউটের একাডেমিক কমিটি, পিএইচ.ডি. উপ-কমিটি ও অনুষদ সভা এবং 'বোর্ড অব এ্যাডভান্সড স্টাডিজ' সুপারিশ করলে একাডেমিক পরিষদ পিএইচ.ডি. প্রোগ্রামে ভর্তির বিষয়ে সিদ্ধান্ত প্রদান করবে।

কলা/সামাজিক বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/আইন/চারুকলা/বিজ্ঞান/জীববিজ্ঞান/ফার্মেসী/ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী/আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস এবং স্নাতকোত্তর চিকিৎসা বিজ্ঞান ও গবেষণা অনুষদের বিভাগসমূহে এবং ইনস্টিটিউটসমূহে পূর্ণকালীন সময়ের পিএইচ.ডি. গবেষকদের নিয়মিত কোর্স নিয়মানুযায়ী গবেষণায় যোগদানের তারিখ থেকে ৪ (চার) বছরের হবে এবং ১ (এক) বছরের ছুটি নিয়ে যোগদান করতে হবে। তাঁরা ২ (দুই) বছর পর থিসিস জমা দিতে পারবেন। বিভাগীয় পিএইচ.ডি. সাব-কমিটি প্রয়োজন মনে করলে কোনো গবেষককে নিয়মানুযায়ী কোর্সওয়ার্ক করার শর্তারোপ করতে পারবে।

কলা/সামাজিক বিজ্ঞান/ বিজনেস স্টাডিজ/ আইন/ চারুকলা/ বিজ্ঞান/ জীববিজ্ঞান/ ফার্মেসী/ ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী/ আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের বিভাগসমূহে এবং ইনস্টিটিউটসমূহে খন্ডকালীন পিএইচ.ডি. প্রোগ্রামের ব্যবস্থা থাকবে। খন্ডকালীন পিএইচ.ডি. প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে গবেষণায় যোগদানের তারিখ থেকে ৫ (পাঁচ) বছর। ৪ (চার) বছর পরে গবেষক থিসিস জমা দিতে পারবেন। তবে কোনো গবেষক যদি তিন বছর শেষে কাজ সম্পন্ন করে থিসিস জমা দিতে চান তাহলে তত্ত্বাবধায়ক এবং বিভাগীয় একাডেমিক কমিটির সুপারিশসহ একাডেমিক কাউন্সিলের অনুমোদন নিয়ে বিশেষ বিবেচনায় থিসিস জমা দিতে পারবেন। বিভাগীয় পিএইচ.ডি. সাব-কমিটি (প্রযোজ্য ক্ষেত্রে) প্রয়োজন মনে করলে কোনো গবেষককে নিয়মানুযায়ী কোর্সওয়ার্ক করার শর্তারোপ করতে পারবে।

মিহির
২৪.১২.২০১৭

– অ:পৃ:দ্র:-(২) –